

الْمُقِيت

আসসালামু আলাইকুম ওয়া রাহমাতুল্লাহি ওয়া বারাকাতুহু

বিসমিল্লাহির রহমানির রহিম

আল্লাহর সুন্দরতম ৯৯ নাম 'আসমাউল হুসনার' ৪০ তম নাম 'الْمُقِيت' আজকের আলোচনার বিষয়।

আরবি ভাষায় 'الْمُقِيت' শব্দের মূল ق - و - ت , এই মূল শব্দ থেকে গঠিত দু'টি শব্দ পবিত্র কোরআন মাজিদে ২ বার এসেছে। 'আকওয়াতা' অর্থ: উপজীবিকা। 'মুকিতা' অর্থ: রক্ষক। আল্লাহ الْمُقِيت এই দুই অর্থেই ব্যবহৃত হয়েছে। আল্লাহ সকলের রুটি উপার্জন দানকারী এবং সকলের প্রতি দৃষ্টি রাখেন।

মহান আল্লাহ পবিত্র কুরআনে ইরশাদ করেন:

وَجَعَلْ فِيهَا رَوَاسِيَ مِنْ فَوْقِهَا وَبَارَكْ فِيهَا وَقَدَّرَ فِيهَا أَقْوَاتَهَا فِي أَرْبَعَةِ أَيَّامٍ سَوَاءً
لِّلسَّائِلِينَ ﴿١٠﴾

তিনি ভূপৃষ্ঠে স্থাপন করেছেন অটল পাহাড় পর্বত। তাতে (ভূপৃষ্ঠে) রেখেছেন প্রভূত বরকত। চারটি দিনে (কালে) তাতে ব্যবস্থা করেছেন তার সমর্থ (উৎপাদিত জীবিকা) প্রার্থনাকারীদের জন্যে তাদের প্রয়োজনীয় সামগ্রী। (সূরা ফুসসিলাত: আয়াত নং ১০)

مَنْ يَشْفَعْ شَفَاعَةً حَسَنَةً يَكُنْ لَهُ نَصِيبٌ مِّنْهَا وَمَنْ يَشْفَعْ شَفَاعَةً سَيِّئَةً يَكُنْ لَهُ كِفْلٌ
مِّنْهَا وَكَانَ اللَّهُ عَلَىٰ كُلِّ شَيْءٍ مُّقِيتًا ﴿٨٥﴾

যে কেউ ভালো কাজের সুপারিশ করবে, তার পুরস্কারে তার অংশ থাকবে। আর যে কেউ মন্দ কাজের সুপারিশ করবে, তাতেও তার অংশ থাকবে। প্রতিটি বিষয়ে আল্লাহ দৃষ্টি রাখেন। (সূরা আন নিসা: আয়াত নং ৮৫)

হাদিসে কুদসি :

আল্লাহ মূসা (আ:) কে বলেছিলেন, তোমার প্রতিটি জিনিস সম্পর্কে আমার কাছে প্রার্থনা করো, যদি তা অতি ক্ষুদ্র জিনিসও (তোমার জুতার ফিতা এবং তোমার পাত্রের লবন) হয়। আমার কাছে চাও।

আল্লাহ পৃথিবী সৃষ্টির সময়ই, আমাদের প্রয়োজনীয় জীবিকা এতে ব্যবস্থা করে রেখেছেন। সুতরাং, আল্লাহর কাছে আমাদের ছোট-বড় সবকিছুর জন্য প্রার্থনা করা অবশ্যই কর্তব্য।

অন্য কারো কাছে আমরা হাত না পাতি, যিনি একমাত্র দাতা তাঁর কাছেই ধর্না দেই। তাঁর সাথে কাউকে শরিক না করি। কারণ, শিরকের পাপ তিনি ক্ষমা করবেন না। আল্লাহ আমাদেরকে শিরক মুক্ত জীবন যাপন করার তৌফিক দান করুন।

আমিন।

আসসালামুআলাইকুম ওয়াহমা তুল্লাহি ওয়াবরাকাতুহা।